বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস এন্ড রিপোর্ট উইং
"অডিট ভবন"
৭৭-৭, কাকরাইল, ঢাকা-১০০০
**www.cag.org.bd**

নং-৮২.০০.০০০০.০৬২.১৮.০২৭.২০-৪৮৮ তারিখ: ২৯.০৫.২০২৩ খ্রি.

## অফিস আদেশ

বিষয়: কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা (Annual Audit Plan) এবং অডিট ক্যালেন্ডার বিষয়ক নির্দেশনা।

কমপ্লায়েন্স অডিট গাইডলাইন্স (Compliance Audit Guidelines) এর অনুচ্ছেদ ২.৪ এবং ৪.১৫ এর আলোকে কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা ও অডিট ক্যালেন্ডার বিষয়ে আদিষ্ট হয়ে এই নির্দেশনা জারি করা হলো।

১.১ অডিট অধিদপ্তরসমূহ ২০২৩-২০২৪ অডিট বছরে যে কমপ্লায়েন্স অডিট পরিচালনা করবে তার বার্ষিক অডিট পরিকল্পনা আগামী ১২-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে সিএজি কার্যালয়ে প্রেরণ করবে। সিএজি কার্যালয় ২০-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে যাচাই বাছাই শেষে পরিকল্পনাসমূহ অনুমোদন করবে।

১.২ কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা এর মধ্যে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকবে:

যে সকল মন্ত্রণালয়- বিভাগ, অধিদপ্তর- পরিদপ্তর, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ (Statutory Public Authority), স্থানীয় কর্তৃপক্ষ (Local Authority), পাবলিক এন্টারপ্রাইজ এবং কর্পোরেশন এ কমপ্লায়েন্স অডিট পরিচালিত হবে তার নাম, মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এর নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে সুনির্দিষ্ট Subject Matter উল্লেখসহ অডিট এর জন্য অপারেশনাল প্ল্যান ২০২৩-২০২৪ অনুযায়ী লোকবল উল্লেখ করতে হবে। অডিট অধিদপ্তরসমূহ কমপ্লায়েন্স অডিটের জন্য কমপ্লায়েন্স অডিট গাইডলাইন্স এর অনুচ্ছেদ ২.৭ হতে ২.১২ আবশ্যিকভাবে বিবেচনায় নিয়ে এনটিটি (Entity) নির্বাচন করে অডিট অধিদপ্তরসমূহ অডিট কার্যক্রম সম্পাদন করবে।

১.৩ কমপ্লায়েন্স অডিট অর্ধ-বার্ষিক (Half-yearly) ভিত্তিতে পরিচালিত হবে। কমপ্লায়েন্স অডিট এর বিভিন্ন পর্যায় (stage) তথা অডিট এনগেইজমেন্ট পরিকল্পনা (Audit Engagement Plan) প্রণয়ন হতে রিপোর্ট প্রণয়ন পর্যন্ত অডিট ক্যালেন্ডার অনুযায়ী পরিচালিত হবে (পরিশিষ্ট দ্রষ্টব্য)। প্রতিটি কমপ্লায়েন্স অডিট এর জন্য প্রণীত Audit Engagement Plan সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর এর মহাপরিচালক অনুমোদন করবেন এবং অনুমোদিত Audit Engagement Plan এর অনুলিপি সিএজি কার্যালয়ের এএন্ডআর উইং এ প্রেরণ করবেন । সিএজি'র কৌশলগত পরিকল্পনা (Strategic Plan) ২০২১-২০২৫ এর আউটপুট - ১ অনুযায়ী যে সকল কমপ্লায়েন্স অডিট বিশেষ ক্ষেত্রসমূহের (Special Area) উপর পরিচালিত হবে, সে সকল কমপ্লায়েন্স অডিটের জন্যও এই অডিট ক্যালেন্ডার অনুসরণ করতে হবে।

১.৪ ফাইন্যান্সিয়াল অডিট এবং পারফরমেন্স অডিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট অডিট গাইডলাইনস, অডিট নির্দেশনা এবং অপারেশনাল প্ল্যান ২০২৩-২০২৪ অনুযায়ী সম্পাদন করতে হবে। উল্লেখ্য, মিশন অডিট অধিদপ্তর এবং বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) এর আওতায় যথাক্রমে বৈদেশিক মিশন, ব্যাংক ও বাংলাদেশ বিমানের অফিসসমূহ এবং বৈদেশিক অর্থায়নে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহের অডিটের ক্ষেত্রে এই অডিট ক্যালেন্ডার প্রযোজ্য হবে না।

স্বাক্ষরিত/-
(মোঃ আহ্সান হাবীব)
এ্যাডিশনাল ডেপুটি সিএজি (সংসদ)
ফোন ঃ ০২-২২২২২১১৯৮

নং-৮২.০০.০০০০.০৬২.১৮.০২৭.২০-৪৮৮ তারিখ: ২৯.০৫.২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মহাপরিচালক, ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), মিরপুর-১৪, ঢাকা।

২. মহাপরিচালক, বাণিজ্যিক অডিট/ পরিবহন অডিট/ শিক্ষা অডিট/ স্বাস্থ্য অডিট/ পূর্ত অডিট/ ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি(PTST) অডিট/ প্রতিরক্ষা অডিট/ সামজিক নিরাপত্তা/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট/ আইটি ও জনসেবা অডিট/ রাজস্ব অডিট/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/ কৃষি ও পরিবেশ অডিট/ সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/ বিদ্যুৎ ও জ্বালানী অডিট/ সিভিল অডিট / মিশন অডিট অধিদপ্তর, ঢাকা।

৩. এ্যাডিশনাল ডেপুটি সিএজি (প্রশাসন/ পার্সোনেল/ একিউএসি/ পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।

৪. পরিচালক (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা। **[সিএজি কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।**

৫. পরিচালক (আরএন্ডডি), সিএজি কার্যালয়, ঢাকা।

৬. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।

৭. সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (হিসাব / রিপোর্ট-১/ রিপোর্ট-২/ পার্লামেন্ট), সিএজি কার্যালয়, ঢাকা।

৮. পিএস টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়, অডিট ভবন, ঢাকা।

৯. পিএ টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর/পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।

১০. অফিস কপি।

২৯.০৫.২০২৩

(মঞ্জুর আহম্মদ)
অডিট এন্ড একাউন্টস্ অফিসার
একাউন্টস্ এন্ড রিপোর্ট উইং (প্রশাসন)

পরিশিষ্ট

# বার্ষিক অডিট ক্যালেন্ডার: ২০২৩-২০২৪

| ক্রঃ নং | কার্যক্রম | কমপ্লায়েন্স অডিট এর বিভিন্ন পর্যায় | নির্ধারিত সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কার্যালয় |
|---|---|---|---|---|
| ১ | কমপ্লায়েন্স অডিটের বার্ষিক পরিকল্পনা | বার্ষিক অডিট পরিকল্পনা প্রণয়নপূর্বক সিএজি কার্যালয়ে প্রেরণ | ১২-০৭-২০২৩ খ্রি. | সকল অডিট অধিদপ্তর |
| ২ | | সিএজি কার্যালয় কর্তৃক বার্ষিক অডিট পরিকল্পনা চূড়ান্তকরণ | ২০-০৭-২০২৩ খ্রি. | সিএজি কার্যালয় |
| ৩ | কমপ্লায়েন্স অডিট (১ম অর্ধ-বার্ষিক) | Audit Engagement Plan প্রণয়ন | ১২-০৮-২০২৩ খ্রি. | সকল অডিট অধিদপ্তর |
| | | প্রমাণক সংগ্রহের নিমিত্ত পরিচালিত অডিট কার্যক্রম (মাঠ পর্যায়ের অডিট) | ১৪-০৮-২০২৩ খ্রি. হতে ৩০-১১-২০২৩ খ্রি. পর্যন্ত | |
| | | অডিট প্রতিবেদন (Audit Report) প্রস্তুতকরণ এবং সিএজি কার্যালয়ে প্রেরণ | ৩১-০১-২০২৪ খ্রি. | |
| ৪ | কমপ্লায়েন্স অডিট (২য় অর্ধ-বার্ষিক) | Audit Engagement Plan প্রণয়ন | ১৫-০১-২০২৪ খ্রি. | সকল অডিট অধিদপ্তর |
| | | প্রমাণক সংগ্রহের নিমিত্ত পরিচালিত অডিট কার্যক্রম (মাঠ পর্যায়ের অডিট) | ১৬-০১-২০২৪ খ্রি. হতে ৩০-০৪-২০২৪ খ্রি. পর্যন্ত | |
| | | অডিট প্রতিবেদন (Audit Report) প্রস্তুতকরণ এবং সিএজি কার্যালয়ে প্রেরণ | ৩০-০৬-২০২৪ খ্রি. | |
| ৫ | কমপ্লায়েন্স অডিট ( Special Area সমূহে পরিচালিত) | Audit Engagement Plan প্রণয়ন, প্রমাণক সংগ্রহের নিমিত্ত পরিচালিত অডিট কার্যক্রম (মাঠ পর্যায়ের অডিট) সম্পাদন অডিট নির্দেশনা, ০১/২০২২ এর অনুচ্ছেদ ৬ অনুসরণ করে এআইআর প্রণয়নপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে তাগিদপত্র ও আধা সরকারি পত্র) ইস্যুকরণ, খসড়া অডিট রিপোর্ট প্রস্তুতকরণ এবং সিএজি কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণ | ২১-০৭-২০২৩ খ্রি. হতে ৩০-০৬-২০২৪ খ্রি. পর্যন্ত | সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর |

২৭.০৫.২০২৫

(মঞ্জুর আহম্মদ)
অডিট এন্ড একাউন্টস্ অফিসার (প্রশাসন)
একাউন্টস্ এন্ড রিপোর্ট উইং